



শব্দ ও বাক্য

মানুষ মাত্রই ভাষার মাধ্যমে মনের ভাব প্রকাশ করে। এই ভাষার উৎস হল ধ্বনি বা বর্ণ। যখন এক বা একাধিক বর্ণ পাশাপাশি বসে একটি অর্থ প্রকাশ করে তখন সেই বর্ণ সমষ্টিকে **শব্দ** বলে।



বই—একটি শব্দ। অর্থ প্রকাশ করেছে। সূর্য, ধান।—এগুলিও এক একটি শব্দ। প্রত্যেকের নিজস্ব এক একটি অর্থ আছে। তাই বলা যায়—

কতকগুলি বর্ণ পাশাপাশি বসে যদি একটি অর্থ প্রকাশ করে তাকে শব্দ বলে।



এখানে— ১। আমি, বই, পড়ি — এই শব্দগুলি সাজিয়ে মনের একটি সম্পূর্ণ ভাব বা বক্তব্য প্রকাশ পেয়েছে। একে বলা হয় বাক্য। তাই বলা যায়—

এক বা একাধিক শব্দ পাশাপাশি বসে যদি কোনো মনের ভাব সম্পূর্ণ রূপে প্রকাশ করে তাকে বাক্য বলে।

একই ভাবে—১। ভোরবেলায় সূর্য ওঠে। ২। কৃষক মাঠে ধান ফলায়—এগুলিও এক একটি বাক্য।

প্রশ্ন ও উত্তরে শেখো

□ শব্দ কাকে বলে?

উঃ এক বা একাধিক বর্ণ মিলিত হয়ে, যখন কোনো অর্থ প্রকাশ করে, তখন সেই বর্ণ সমষ্টিকে শব্দ বলে। যেমন—রাম, বই, ভোরবেলা, সূর্য, কৃষক, ধান ইত্যাদি।

□ বাক্য কাকে বলে?

উঃ কতকগুলি শব্দ পরপর ঠিক মতো বসে যদি মনের ভাব প্রকাশ করে তাহলে ওই শব্দগুলির সমষ্টিকে বাক্য বলে। যেমন— (১) রাম বই পড়ে। (২) কৃষক চাষ করে। (৩) সূর্য উঠেছে।

পাঠ অনুশীলন

- ১। নীচের এলোমেলো অক্ষরগুলো সাজিয়ে শব্দ গঠন করো।
ই ব, দ্যা ল বি য়, রা হাঁ জ স, কা দা য়, দ ণ ক্ষি প্র, র ং কা চি,
ল কৌ শ।
- ২। নীচের এলোমেলো শব্দগুলো সাজিয়ে বাক্য গঠন করো।
(ক) বাবুকে হবে ডাক্তার ডাকতে। (খ) করে ছেলেমেয়ে খেলা। (গ) পড়েছে আজ
শীত খুব। (ঘ) বাঘ ঘাস খায় গোরু নয়। (ঙ) নয় উচিত কথা মিথ্যা বলা কথা।